

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮০৭

১৫/ হজ্জ (حما باتك)

পরিচ্ছেদঃ ১৫/৪৭. আরাফা থেকে মুজদালিফা গমন এবং সেই রাত্রিতে মুজালিফায় মাগরিব ও ইশার সালাত একত্রে পড়া মুস্তাহাব।

الإفاضة من عرفات إلى المزدلفة، واستحباب صلاتي المغرب والعشاء جمعا بالمزدلفة في هذه الليلة

আরবী

حديث أُسامَة بْنِ زَيْدٍ قَالَ: دَفَعَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ عَرَفَة، حَتَّى إِذَا كَانَ بِالشِّعْبِ نَزَلَ فَبَالَ، ثُمَّ تَوَضَّاً وَلَمْ يُسْبِغِ الْوُضُوءَ، فَقُلْتُ الصَّلاَةَ يَا رَسُولَ اللهِ فَقَالَ: الصَّلاَةُ أَمَامَكَ فَرَكِبَ، فَلَمَّا جَاءَ الْمُزْدَلِفَة، نَزَلَ فَتَوَضَّا فَأَسْبَغَ الْوُضوء، ثُمَّ فَقَالَ: الصَّلاَة، فَصلَلَى الْمَغْرِبَ، ثُمَّ أَنَاحَ كُلُّ إِنْسَانٍ بَعِيرَهُ فِي مَنْزِلِهِ، ثُمَّ أُقِيمَتِ الْعِشَاءُ فَصلَلَى وَلَمْ يُصلِّ بَيْنَهُمَا فَصلَلًى وَلَمْ يُصلِّ بَيْنَهُمَا

বাংলা

৮০৭. উসামাহ ইবনু যায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরাফাহর ময়দান হতে রওনা হলেন এবং উপত্যকায় পৌঁছে নেমে তিনি পেশাব করলেন। অতঃপর উযু করলেন কিন্তু উত্তমরূপে উযু করলেন না। আমি বললাম, হে আল্লাহর রাসূল! সালাত আদায় করবেন কি? তিনি বললেনঃ সালাতের স্থান তোমার সামনে। অতঃপর তিনি আবার সওয়ার হলেন। অতঃপর মুযদালিফায় এসে সওয়ারী থেকে নেমে উযু করলেন। এবার পূর্ণরূপে উযু করলেন। তখন সালাতের জন্য ইকামত দেয়া হল। তিনি মাগরিবের সালাত আদায় করলেন। অতঃপর সকলে তাদের অবতরণস্থলে নিজ নিজ উট বসিয়ে দিল। পুনরায় ইশার ইকামাত দেয়া হল। অতঃপর তিনি ইশার সালাত আদায় করলেন এবং উভয় সালাতের মধ্যে অন্য কোন সালাত আদায় করলেন না।

ফুটনোট

সহীহুল বুখারী, পূর্ব ৪ : উযূ, অধ্যায় ৬, হাঃ ১৩৯; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ৪৫, হাঃ ১২৮০



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন